

ব্যবদান

রীনা তালুকদার

“এরা কেক খেতে পারে না”-রানী অ্যান্টয়নেট

বড় আরো বড় হলে। ছোট ছোট হলে। ফাঁকা হবে মাঝখান।

অভিজাত সিঁড়ি বায়। উপরে আরো যায়।

শ্রেণী বৈষম্যের বাড়ে ব্যবদান।

আকাশ মাটি দেখে। মাটি থেকে দেখে। নিলোভ উদার বিশাল।

যারা আকাশ পানে। খোঁজে না তার মানে।

শ্রেণীর থাকে নাকো সমমান তাল।

বাস্তিল ঘরে ঘরে। মানুষে লালন করে। সভ্যতা কেঁদে মরে।

মুখটাই প্রথমত অস্ত্র। হরণ করে বস্ত্র।

সমাজ ডুবে জনরোষে পড়ে।

কিশোর বয়স থেকে। বাংলা মুক্তি পেতে। সংগ্রামের মূল তিনি।

আটচল্লিশে ছাত্রলীগ। গড়ে তোলেন মুজিব।

নেতা শ্রেষ্ঠ বলে চিনি।